# কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
## Kishoreganj Chamber of Commerce & Industry
চেম্বার ভবন: করিমগঞ্জ রোড, সতাল, কিশোরগঞ্জ / প্রশাসনিক ভবন: ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ
E-mail:kishoregonjchamber@gmail.com, Website: www.kishoreganjchamber.org

*Licensed by the Ministry of Commerce No. 26 of 1986 in Corporated by the registrar of Joint Stock Companies No. T.225/2 Dated-06.08.1986 and Affiliated by the FBCCI, Dhaka.*

সূত্র: তারিখ:

**২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ মেয়াদের পরিচালনা পর্ষদের**
**নিয়মিত ১১তম সভার কার্যবিবরনী**
**তারিখ: ১৮-১০-২০২৫খ্রি:, সময়: সকাল-১০.৩০ ঘটিকা**
**সভার স্থান: প্রশাসনিক কার্যালয়, ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ।**

অদ্য ১৮/১০/২০২৫খ্রিঃ তারিখ, রোজ-শনিবার, সকাল ১০.৩০ ঘটিকার সময়, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির ২০২৪-২০২৬ (দ্বি-বার্ষিক) মেয়াদের পরিচালনা পর্ষদের **"১১তম"** নিয়মিত সভা চেম্বারের প্রশাসনিক কার্যালয়, ০৩, ঝরনা ধারা, আখড়া বাজার, কিশোরগঞ্জ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন চেম্বারের সম্মানিত সভাপতি জনাব এ.কে.এম মুজিবুর রহমান। উক্ত সভায় পরিচালনা পর্ষদে মোট ১৩ জন উপস্থিত ছিলেন।

**সভার উপস্থিতি:-**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব এ.কে.এম মুজিবুর রহমান | সভাপতি | স্বাক্ষরীত |
| ২. | জনাব ইকবাল আহমেদ চৌধুরী অপু | সিনিয়র সহ-সভাপতি | স্বাক্ষরীত |
| ৩. | জনাব আলহাজ্ব হাফেজ মোঃ খালেকুজ্জামান | পরিচালক | স্বাক্ষরীত |
| ৪. | জনাব মোঃ ওসমান গণি | পরিচালক | স্বাক্ষরীত |
| ৫. | জনাব শীতল কুমার সাহা | পরিচালক | স্বাক্ষরীত |
| ৬. | জনাব এ.কে.এম মিজানুর রহমান | পরিচালক | স্বাক্ষরীত |
| ৭. | জনাব খলিলুজ জামান | পরিচালক | স্বাক্ষরীত |
| ৮. | জনাব মোঃ আবু বক্কর ছিদ্দিক | পরিচালক | স্বাক্ষরীত |
| ৯. | জনাব মোঃ এহতেশামুল হুদা মুনাব্বী | পরিচালক | স্বাক্ষরীত |
| ১০. | জনাব মোঃ মকবুল হোসেন বকুল | পরিচালক | স্বাক্ষরীত |
| ১১. | জনাব মোঃ জহিরুল ইসলাম সেলিম | পরিচালক | স্বাক্ষরীত |
| ১২. | জনাব এ.কে.এম আরিফুর রহমান (বাবু) | পরিচালক | স্বাক্ষরীত |
| ১৩. | রিজওয়ানুল আলম জোসেফ | পরিচালক | স্বাক্ষরীত |

**-:সভার সিদ্ধান্ত:-**

**০১নং আলোচ্যসূচী: পবিত্র কোরআনে পাক থেকে তেলওয়াত এবং দোয়া ও শোক প্রস্তাব গ্রহণ।**

০১। সভায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে পবিত্র কোরআন পাক থেকে তেলওয়াত করেন চেম্বারের সম্মানিত সিনিয়র পরিচালক জনাব আলহাজ্ব হাফেজ মোঃ খালেকুজ্জামান। চেম্বারের যে সকল কর্মকর্তা, সদস্য, আত্মীয় স্বজন ও শুভাকাঙ্খী মৃত্যু বরণ করেছেন তাদের রূহের মাগফেরাত কামনায় দোয়া করা হয়। দোয়া পরিচালনা করেন চেম্বারের সম্মানিত সিনিয়র পরিচালক জনাব আলহাজ্ব হাফেজ মোঃ খালেকুজ্জামান।

**০২নং আলোচ্যসূচী: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

০২। সভার ২নং আলোচ্যসূচীর অংশ হিসেবে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান চেম্বারের সম্মানিত পরিচালক জনাব খলিলুজ জামান। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। কার্যবিবরনী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়া ইহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**০৩নং আলোচ্যসূচী: মাসিক আয় ব্যয় হিসাব আগষ্ট, সেপ্টেম্বর-২০২৫ (দুই মাসের) উপস্থাপন ও অনুমোদন।**

০৩। সভার ৩নং আলোচ্যসূচীর অংশ হিসেবে মাসিক আয়-ব্যয় হিসাব আগষ্ট, সেপ্টেম্বর-২০২৫ উপস্থাপন করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। আয়-ব্যয় হিসাব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আয়-ব্যয় হিসাব সঠিক থাকায় ইহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সূত্রঃ তারিখঃ

**০৪। ২০২৬-২০২৭, ২০২৭-২০২৮ (দ্বি-বার্ষিক) মেয়াদের নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ড গঠন এবং নির্বাচনের তারিখ, সময় ও স্থান নির্ধারণ সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

০৪। সভার ৪নং আলোচ্যসূচীর অংশ হিসেবে চেম্বারের পরিচালনা পর্ষদের দ্বি-বার্ষিক (২০২৬-২০২৭, ২০২৭-২০২৮) মেয়াদের নির্বাচনের নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ড গঠন এবং নির্বাচনের তারিখ, সময় ও স্থান নির্ধারণ সম্পর্কিত আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ নির্বাচন ও নির্বাচন আপিল বোর্ড গঠন হয়।

**নির্বাচন বোর্ড-২০২৫**

| ক্রঃ নং | নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মাসুদুল হাসান ০১৭১১-৬২০৫৪৫ | সদস্য, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি। মেসার্স অর্ক এন্টারপ্রাইজ, বড়বাজার, কিশোরগঞ্জ। | **চেয়ারম্যান** |
| ০২ | জনাব ইকবাল আহমেদ চৌধুরী অপু ০১৭১১-৬২৯৬৬৫ | সিনিয়র সহ-সভাপতি, কেসিসিআই মেসার্স রূপতন ট্রেডার্স, শ্রীধরখিলা, গাইটাল, কিশোরগঞ্জ। | **সদস্য** |
| ০৩ | জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ আলাউদ্দিন ০১৭১২-৪৪৩৩৭৯ | সভাপতি (ভারপ্রাপ্ত), নাসিব, কিশোরগঞ্জ জেলা শাখা ও সদস্য কেসিসিআই ৩৭, গাইটাল, কিশোরগঞ্জ। | **সদস্য** |

**নির্বাচন আপিল বোর্ড-২০২৫**

| ক্রঃ নং | নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব এড. শফিকুল ইসলাম ০১৭১১-৬২০০০৫ | সদস্য, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি। উকিলপাড়া, কিশোরগঞ্জ। | **চেয়ারম্যান** |
| ০২ | জনাব আবদুল আহাদ মানিক ০১৭৭৮-১৯৩৮৯৩ | সভাপতি, একরামপুর ব্যবসায়ী কল্যাণ সমিতি, সদস্য, কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি। একরামপুর, কিশোরগঞ্জ। | **সদস্য** |
| ০৩ | জনাব সেলিনা ইয়াছমিন কাকলী ০১৭১৭-২৭৮২৮৬ | সভাপতি, নাসিব উইমেন কাউন্সিল, কিশোরগঞ্জ জেলা শাখা ও সদস্য কেসিসিআই, উকিলপাড়া, কিশোরগঞ্জ। | **সদস্য** |

সভায় সিদ্ধান্ত গৃহিত হয় যে, নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপিল বোর্ডের যাবতীয় কাজকর্মে সহযোগিতা করবেন চেম্বারের নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন। সভায় নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ড এর চেয়ারম্যানসহ সকল সদস্যগণকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য চেম্বারের নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়।

(খ) আলোচনায় সর্বসম্মতিক্রমে আগামী **“ ২০২৬ সনের ফেব্রুয়ারী শেষ সপ্তাহে যে কোন একটি তারিখ নির্ধারণ করে** সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠানের (ভোট গ্রহণ) তারিখ নির্ধারণ করার জন্য নির্বাচন বোর্ডকে অনুরোধ জানানো হয়। নির্বাচন কার্যক্রম শুরু করার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ডকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

(গ) কিশোরগঞ্জ চেম্বারের নির্বাচন উপলক্ষ্যে চেম্বারের সকল সদস্য, প্রশাসন, নিরাপত্তা বাহিনী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আসার সম্ভাবনা রয়েছে। কিন্তু চেম্বার কার্যালয়ে গাড়ি রাখা ও অধিক লোকজনের স্থান সংকুলান হবে না। উল্লেখিত বিষয়সমূহ লক্ষ্য রেখে নির্বাচন পরিচালনার সুবিধার্থে **অতিথি কমিউনিটি সেন্টার, ময়মনসিংহ রোড, গাইটাল, কিশোরগঞ্জ** নির্বাচন অনুষ্ঠানের (ভোট গ্রহণ) স্থান

সূত্র: তারিখ:

নির্ধারন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। নির্বাচন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সভাপতি সাহেব পরিচালনা পর্ষদের সকলকেই আহবান জানান। নির্বাচন সংক্রান্ত সকল বিষয় মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়; সভাপতি, এফবিসিসিআই; রেজিষ্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানী ; জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ও পুলিশ সুপারকে অবহিত করে চিঠি দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ) নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপিল বোর্ডের কার্যালয় হিসেবে চেম্বারের প্রশাসনিক কার্যালয়, ০৩, ঝরনা ধারা, আখড়াবাজার, কিশোরগঞ্জ ব্যবহৃত হবে। এখান থেকে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ডকে অনুরোধ জানানো হয়।

(ঙ) নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপিল বোর্ড এর সম্মানিত চেয়ারম্যান সদস্যগণকে যতপোযুক্ত সম্মানিত দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় এবং কর্মচারীদের নির্বাচন কালিন সময়ে এক মাসের বেতনের সমপরিমাণ বোনাস প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। সকল সম্মানি ও নির্বাচনী খরচ চেম্বারের তহবিল থেকে বহন করা হবে।

**০৫। উপদেষ্টা পরিষদ গঠন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

০৫। সভার ৫নং আলোচ্যসূচির অংশহিসেবে উপদেষ্টা পরিষদ গঠন সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। উপস্থিত সকলের আলোচনা পর্যালোচনা করে ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ মেয়াদের জন্য চেম্বারের স্বার্থে নিম্নরূপ উপদেষ্টা পরিষদ গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রমিক নং | নাম | চেম্বার পদবী | উপদেষ্টা পরিষদ পদবী |
|---|---|---|---|
| ০১. | জনাব এ.কে.এম মুজিবুর রহমান | সভাপতি | প্রধান উপদেষ্টা |
| ০২. | জনাব ইকবাল আহমেদ চৌধুরী অপু | সিনিয়র সহ-সভাপতি | উপদেষ্টা |
| ০৩. | জনাব মোঃ শামছুল ইসলাম শামীম | সহ-সভাপতি | উপদেষ্ট |
| ০৪. | জনাব আলহাজ্ব হাফেজ মোঃ খালেকুজ্জামান | পরিচালক | উপদেষ্টা |
| ০৫. | জনাব মোঃ বোরহান উদ্দিন | পরিচালক | উপদেষ্টা |

উক্ত উপদেষ্টা পরিষদ থেকে একজন প্রতিনিধি পর্যবেক্ষক হিসেবে ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ মেয়াদের পরিচালনা পর্ষদের নিয়মিত সভায় অংশগ্রহণ করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

**০৬। সাংগঠনিক বিষয় ও সদস্য নবায়নের অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

০৬। সভার ৬নং আলোচ্যসূচির অংশহিসেবে সাংগঠনিক বিষয় ও সদস্য নবায়নের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভাপতি, সিনিয়র সহ-সভাপতি ও উপস্থিত অন্যান্য পরিচালকগণ। আলোচনায় সভাপতি সাহেব জানান যে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সদস্যপদ নবায়ন ফি বৃদ্ধি করায় চলতি অর্থবছরে চেম্বারের সদস্য নবায়ন অনেক কম হয়েছে। কাজেই চেম্বারের সকল সাংগঠনিক কার্যক্রম স্বাভাবিক রাখতে সদস্যপদ নবায়নের কোন বিকল্প নেই। কাজেই সকলকে আহবান জানান সদস্যপদ নবায়ন বৃদ্ধির বিষয়ে কাজ করার জন্য। ইহা ছাড়া অদ্যাবধি পর্যন্ত যে সকল সদস্য নবায়ন সম্পন্ন করেছেন তাদেরকে অনুমোদন করা হয়।

**০৮। বিবিধ আলোচনা (সভাপতি সাহেবের অনুমতিক্রমে)।**

বিবিধ আলোচনায় সভাপতি সাহেব জানান যে, ২০২৪-২০২৫ সনের অডিট রিপোর্ট তৈরী করা জন্য অডিটরের নিকট সকল প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা হয়েছে। যথাসময়ে অডিট সম্পন্ন হবে।

বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(এ.কে.এম মুজিবুর রহমান)**
সভাপতি
কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।